দৈনিক সংবাদ

তারিখ FEB 14 1999
পৃষ্ঠা ৭ কলাম ৫

# নটরডেম কলেজে বিজ্ঞান প্রদর্শনী

(নিজস্ব বার্তা পরিবেশক)

দেশের প্রতিটি থানায় অন্তত ১টি মাধ্যমিক স্কুলে ২টি করে কম্পিউটার সরবরাহের উদ্যোগ নিয়েছে বর্তমান সরকার।

গতকাল সকালে বাইশতম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহের জেলা পর্যায়ের নটরডেম কলেজ কেন্দ্রের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে একথা বলেন বিজ্ঞান ও প্রযুক্তিমন্ত্রী লেঃ জেনারেল (অবঃ) নুরউদ্দিন খান পিএসসি।

অনুষ্ঠানে সভাপতিত্ব ও স্বাগত ভাষণ প্রদান করেন নটরডেম কলেজের অধ্যক্ষ ফাদার বেঞ্জামিন কস্তা।

বিজ্ঞান মেলায় বিভিন্ন স্কুল ও কলেজের ছাত্র-ছাত্রীদের ১৪৯টি প্রকল্প স্থান পেয়েছে। ১০টি প্রতিষ্ঠান থেকে সর্বমোট ৩০০ প্রতিযোগী তাদের উদ্ভাবিত প্রকল্প নিয়ে প্রদর্শনীতে অংশ নিয়েছে। নটরডেম কেন্দ্রের এ প্রদর্শনীতে অংশ নিচ্ছে ঢাকার মতিঝিল, ডেমরা, সবুজবাগ ও শ্যামপুর থানার অন্তর্গত বিভিন্ন স্কুল-কলেজের ছাত্ররা। প্রদর্শনীতে অংশ নেয়া প্রকল্পগুলো থেকে জুনিয়র ও সিনিয়র দুটি বিভাগে মোট ২০টি প্রকল্পকে পুরস্কার প্রদান করা হবে।